মেহেরপুরে উপজেলা পর্যায়ে কোভিড ভ্যাকসিন প্রয়োগ শরু

মেহেরপুর জেলায় উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস টিকা প্রয়োগ শুরু হয়েছে। আজ মঙ্গলবার সকাল দশটা থেকে সদর, গাংনী ও মুজিবনগর উপজেলায় টিকা প্রয়োগ শুরু হয়। টিকাদান কেন্দ্র গুলোতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত মানুষের ব্যাপক উপস্থিতি রয়েছে। আগ্রহের সঙ্গে টিকা গ্রহণ করছেন ৩৫ তদুর্দ্ধ বিভিন্ন শ্রেণির মানুষ। চীনের তৈরী সিনোভ্যাক্স টিকা দেওয়া হচ্ছে তিন উপজেলায়। মেহেরপুর সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দীন জানান, এ পর্যন্ত মেহেরপুর জেলায় ৩৮ হাজারের উপরে রেজিস্ট্রেশন হয়েছে। এদের মধ্যে ২১ হাজার মানুষকে টিকার প্রথম ডোজ দেওয়া হয়েছে। রেজিস্ট্রেশন ও টিকা প্রয়োগ কার্যক্রম চলমান থাকবে বলে আশা প্রকাশ করেন তিনি।

মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে ৩ জনের মৃত্যু

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ও উপসর্গ নিয়ে তিন জনের মৃত্যু হয়েছে। গত কাল সোমবার রাত ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮ টা পর্যন্ত তাদের মৃত্যু হয়। মারা যাওয়া তিন জন হলেন মেহেরপুর সদর ওয়াপদা পাড়ার ইউসুফ আলী (৭৭),বামন পাড়ার লুৎফর রহমান(৬০), মনোহারপুর গ্রামের এনামুল হক (৫৫) মৃত্যবরণ করেন। হাসপাতাল সূত্রে জানা গেছে, সকলেই জ্বর, সর্দি, কাশি, গলা ব্যথা ও শ্বাসকষ্ট নিয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ইউনিটে ভর্তি হয়েছিলেন পরে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

জরিমানার টাকা মেম্বরের পকেটে!

বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে গ্যাড়াকলে পড়েছেন টিপু মিয়া (১৮) নামের এক কলেজ ছাত্র। শারীরিক নির্যাতন ছাড়াও অবৈধভাবে গ্রাম্য সালিশ ডেকে ৪০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে। অভিযোগ উঠেছে জরিমানার পুরো টাকা স্থানীয় ইউপি মেম্বর বাবলু কাশেম পকেটস্থ করেছেন।

ঘটনাটি মেহেরপুরের গাংনীর কুলবাড়িয়া গ্রামে গেল বৃহস্পতিবার দুপুরের। টিপু মিয়া ওই গ্রামের আমজাদ হোসেনের ছেলে ও গাংনী সরকারী কলেজের একাদশ শ্রেণির ২য় বর্ষের ছাত্র। সালিশকাররিা বলছেন ওই টাকা সমাজের উন্নয়নে কাজে লাগানো হবে।

জানা গেছে, টিপু মিয়া বৃহস্পতিবার প্রতিবেশি বন্ধু উজ্জ¦ল হোসেনের বাড়িতে গেলে পূর্ব পরিকল্পিতভাবে টিপুকে মারধর শুরু করেন। জিবন বাঁচাতে পালিয়ে যায় টিপু। ওই দিন সন্ধায় টিপুর নামে গ্রাম্য সালিশ বসে । টিপুর বিরুদ্ধে উজ্জ্বলের স্ত্রীকে উত্যক্ত করার অভিযোগ আনা হয়। সালিশে নের্তৃত্ব দেন সাহারবাটি ইউপির ৬ নং ওয়ার্ডের সদস্য বাবলু কাশেম। অন্যান্য সদস্যরা হলেন, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হারুর অর রশিদ, সাধারণ সম্পাদক মকলেচুর রহমান ও সাবেক ইউপি সদস্য জিয়াউল ইসলাম। এসময় সমাজ পতিরা টিপুকে ৪০ হাজার টাকা জরিমানা করেন।

টিপুর পিতা আমজাদ হসেন বলেন, আমার ছেলে ও উজ্জল হোসেন একই সাথে বড় হয়েছে। দুজনই সব সময় চলাফেরা করে। বৃহস্পতিবার দুপুরে উজ্জল মোবাইল করে বাড়িতে ডেকে নিয়ে যায় আমার ছেলে টিপুকে। তার মোবাইল ফোন ভেঙ্গে মারধর করে উজ্জল ও তার পরিবারের লোকজন। পরে বিকালে গ্রাম্য শালিশে ডেকে এক লক্ষ টাকা জরিমানা করে। আমি খুবই গরিব মানুষ অন্যের বাড়ি থেকে ধার করে ৪০ হাজার টাকা মাতব্বরদের হাতে দিয়ে হাতে পায়ে ধরে আমারে ছেলেকে বাড়ি নিয়ে আসি।

উজ্জলের পরিবারের সাথে কথা বলতে চাইলে উজ্জলের মা বলেন, সামান্য একটু সমস্যা হয়েছিল। পরে গ্রামের মাতব্বররা মিমাংসা করেছেন। জরিমানার টাকা কি করবে তা আমরা জানিনা। তবে সমাজের উন্নয়ন হবে বলে জানতে পারি।

স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হারুন অর রশিদ বলেন, টিপু উজ্জলের স্ত্রীকে বিয়ে করার জন্য উজ্জলের বাড়িতে গিয়ে বসে ছিল।

পরে তাকে বিচারের আওতায় এনে সামাজিকভাবে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। উক্ত টাকা স্থানীয় ইউপি সদস্য বাবলু কাশেমের কাছে রাখা আছে।

ইউপি সদস্য বাবলু কাশেম বলেন, সমাজের মাতব্বররা যে কোনো সিদ্ধান্ত নিতে পারে। সে অনুযায়ী টিপুকে দোষী ভেবে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। উক্ত টাকায় সমাজের উন্নয়নে ব্যয় করা হবে।

এ ব্যাপারে সাহারবাটি ইউনিয়নের বীট পুলিশিং কমিটির পরিচালক এসআই রাজ্জাক জানান, গ্রামে কোন রকম সালিশ করার বিধান নেই। বিশেষ করে নারী নির্যাতনের ঘটনায়। আবার কোন জরিমানারও বিধান নেই। ইউপি মেম্বর যেটা করেছেন সেটা নিয়ম বহির্ভুত।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি আমার জানা নেই। ভুক্তভোগী পরিবার অভিযোগ করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে নতুন ৭৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৭৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৪১ জন, গাংনীতে ২৩ জন মুজিবনগর ৯ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২২৭টি। তারমধ্যে ৭৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৮৫ জন। তার মধ্যে সদরে ২৫২ জন, গাংনীতে ৪৩৫ জন এবং মুজিবনগরে ৯৮ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৮০ জন । মৃতদের মধ্যে সদরে ৩২ জন, গাংনী ২৯ জন ও মুজিবনগরে ১৯ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মুজিবনগরে অবৈধ বালু উত্তোলন করায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

মুজিবনগরে অবৈধভাবে গোপনে আরশাদ কসাইয়ের পুকুর থেকে বালু উত্তোলন করার সময় কন্ট্রাক্টার নিয়ামত আলীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার এ ভ্রাম্যমাণ পরিচালনা করেন।
কন্ট্রাক্টার নিয়ামত আলী তারানগর গ্রামের মৃত,বকসো শেখের ছেলে। ইউএনও সুজন সরকার জানান,আরশাদ কসাই দির্ঘদিন ধরে তার নিজের কৃষি জমিতে পুকুর খনন করে মাটি ও বালু উত্তোলন করে সেগুলো কন্ট্রাক্টারের মাধ্যমে বাইরে বিক্রি করছিলো।
এতে করে পাশের জমির ক্ষতি হওয়ায় তাকে কয়েকবার নিষেধ করা হয়েছে। তার পরও সে নিষেধাঙ্গা অমান্য করে গোপনে বালু বিক্রি করছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।অভিযান চলাকালীন সময়ে পুকুর থেকে বালু নিয়ে আসার সময় বালুসহ ট্রাক্টর দেখা গেলে সেখানে ভ্রাম্মমান আদালত বসানো হয়।
পরে অবৈধ ভাবে বালু উত্তোলন করার অপরাধে কন্ট্রাক্টার নিয়ামত আলীকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ৫(১) ধারায় নিয়ামত আলীককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

গাংনীতে নতুন এসিল্যান্ড নাজমুল আলমের যোগদান

মেহেরপুরের গাংনী উপজেলায় সহকারি কমিশনার (ভূমি) (এসিল্যান্ড) হিসেবে যোগদান করেছেন মোঃ নাজমুল আলম। আজ (১২ জুলাই) সোমবার দুপুরে তিনি গাংনী ভূমি অফিসে যোগদান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। নাজমুল আলম চুয়াডাঙ্গা জেলার দামুহুদা উপজেলার বাসিন্দা। তিনি ৩৫ তম বিসিএস প্রশাসন ক্যাডারে কর্মরত। ইতোমধ্যে মেহেরপুর মুজিবনগর উপজেলা ভূমি কর্মকর্তা হিসেবে দায়িত্বে ছিলেন। ১১ মাস ৮ দিন পর গাংনী উপজেলায় বদলির আদেশ হলে তিনি এখানে যোগদান করেন। গাংনী উপজেলাবাসির ভুমিসংক্রান্ত বিষয়ে সকল সেবা নিশ্চিত করবেন বলে জানান এ কর্মকর্তা। সেবা প্রদানে সকল শ্রেনীপেশার মানুষের সহযোগীতা কামনা করেন মোঃ নাজমুল আলম।

মেহেরপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী বিতরণ

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মেহেরপুর শহরে ইজিবাইক সমেতির ১২০০ জন মালিক এবং চালকদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী হিসেবে ২৫ কেজি চাউল বিতরণ করা হয়।

মেহেরপুরের জেলাপ্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ন সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য উপ-পরিচালক স্থানীয় সরকার মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, সদর উপজেলা কর্মকর্তা মোঃ মাসুদুল আলম উপস্থিত ছিলেন।

এসময় মেহেরপুরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন এই লকডাউনে মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ এবং কর্মহীন হয়ে পড়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের নির্দেশ দিয়েছে সমাজের কেউ যেন না খেয়ে থাকে সেই নির্দেশনা মোতাবেক সমাজের যারা অসহায়, দুস্থ তাদেরকে চিহ্নিত করে তাদের মাঝে আমরা প্রধানমন্ত্রীর উপহার পৌছে দিচ্ছি।

গাংনীতে করোনা রোগীর বাড়িতে খাবার পৌছে দিলেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া গ্রামের করোনা রোগীর বাড়িতে খাবার পৌঁছে দিলেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক। আজ (১২ জুলাই) সোমবার সকালে লকডাউনে থাকা বাড়িতে গিয়ে খাবার পৌছে দেন তিনি।

জানাগেছে, গত ৩০ জুন ভাটপাড়া গ্রামের এক যুবক নমুনা দিলে করোনা পজেটিভ হয়। পরে ৫ জুলাই তার স্ত্রীর নমুনা পরীক্ষা করা হলে তার স্ত্রীও করোনা পজেটিভ রিপোর্ট আসে। গাংনী উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ ওই বাড়ি লাল নিশানা দিয়ে লকডাউন করেন। বেশ কয়েকদিন পরে লকডাউনে থাকা পরিবার প্রধানের সাথে কথা বলে বিষয়টি জানতে পারেন। রাতেই ইউপি গোলাম ফারুক মোবাইলে যোগাযোগ করেন।

খুুব সকালে ওই বাড়িতে খাবার নিয়ে হাজির হন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক। এসময় তিনি অসুস্থ রোগীর খোঁজ খবর নেন এবং ব্যাক্তিগত অর্থে পরিবার প্রধানের হাতে খাবার তুলে দেন। পরিবার প্রধান জানান, করোনা পজেটিভ হলেও শারীরিক কোনো অসুবিধা নেই তাদের। তবুও সরকারি নিয়ম ও স্বাস্থ্যবিধি মানা হচ্ছে। ১৪ দিনের হোমকোয়ারেন্টিন শেষ করবেন।

ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, করোনা হলে আতংকিত হওয়ার কিছু নেই । স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরুত্ব মেনে চলাই প্রতিটি

মানুষের দায়িত্ব। যারা স্বাস্থ্যবিধি মানতে গিয়ে খাবার সংকটে পড়বেন তারা আমাকে মোবাইল করলে তাৎক্ষনিক তার বাড়িতে খাবার পৌঁছে যাবে। বিনা প্রয়োজনে বাড়ির বাহিরে না যাওয়া এবং সব সময় মাস্ক পরিধানের পরামশৃ দেন এ জনপ্রতিনিধি। এসময় সাহারবাটি ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক সুমন রেজা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের সচেতনতা মূলক প্রচারণা অব্যাহত

করোনাভাইরাস এর প্রাদুর্ভাব উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় সারাদেশ লকডাউন ঘোষণা করেছেন সরকার। সেই ধারাবাহিকতায় মেহেরপুরেও চলছে কঠোর লকডাউন । কঠোর লকডাউন বাস্তবায়নে মেহেরপুর জেলা পুলিশ হাতে নিয়েছেন বিভিন্ন কার্যক্রম ।

মেহেরপুরের মানুষের মাস্ক পরার অভ্যেস এবং করোনামুক্ত বাংলাদেশ গড়তে এবং মেহেরপুরের সাধারণ মানুষের মধ্যে শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে সচেতনতা মূলক প্রচার প্রচারণা চালাচ্ছে মেহেরপুর পুলিশ।

আজ সকাল দশটা থেকে মেহেরপুর পুলিশের একটি টিম মেহেরপুর শহরের বিভিন্ন এলাকায় জনসচেতনতা মূলক প্রচারণা চালান। অযাথা ঘরের বাইরে বের না হওয়ার জন্য পুলিশের পক্ষ থেকে আহ্বান জানানো হয়। একইসাথে সকলকে মাস্ক ব্যবহার করার জন্য আহ্বান জানানো হয়।

হেরোইন বিক্রির প্রতিবাদ করায়

যুবকের উপর হামলা

মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকায় হেরোইন বিক্রি করতে নিষেধ করায় নয়ন (২৭) নামের এক যুবককে পিটিয়ে জখম হিরোইনের ব্যবসায়ী। নয়ন একই এলাকার ফজলুল হকের ছেলে। গতকাল রবিবার সকালের দিকে মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

জানা গেছে ঘোষপাড়া এলাকার আখের আলীর ২ ছেলে পলাশ ও হাসান রং মিস্ত্রি পেশার আড়ালে দীর্ঘদিন যাবৎ হেরোইনের ব্যবসা করে আসছে। এ ব্যাপারে প্রতিবেশী ফজলুল হকের ছেলে নয়ন প্রতিবাদ করায় সকালের দিকে হাসান, পলাশ সহ তাদের পরিবারের লোকজন নয়নের বাড়িতে হামলা চালায়। এসময় নয়নকে রড ও শাবল দিয়ে আঘাত করেন। এতে নয়ন আহত হন। তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।